**1 (Sem–3/FYUGP) BEN41MN/(A)**

**2025**

**BENGALI**

( Minor )

Paper : BEN4300104 MN

**(SET–A)**

*( বিশ শতকের বাংলা সাহিত্য পাঠ )*

*Full Marks : 60*

Time : 2½ hours

***The figures in the margin indicate full marks for the questions.***

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষেপে উত্তর লেখো ঃ ১×৮=৮

(ক) বুদ্ধদেব বসুর রচিত 'রবীন্দ্রনাথ ও উত্তর সাধক' প্রবন্ধটি প্রথম কত খ্রিষ্টাব্দে প্রকাশিত হয়?

(খ) বুদ্ধদেব বসুর ছোটোবেলায় বাংলা শিশুসাহিত্যের কোন যুগ ছিল?

(গ) 'বোধ' কবিতাটি জীবনানন্দ দাশের কোন কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত?

(ঘ) 'আট বছর আগের একদিন' কবিতায় যুবকটি কখন আত্মহত্যা করতে গিয়েছিল?

(ঙ) শ্রীকান্তের প্রিয় বন্ধুটির নাম কী ছিল?

(চ) 'আমি বাঘ-ভালুক নই — ছিনাথ বউরূপী' — এই শ্রীনাথ বহুরূপীর বাড়ি কোথায় ছিল?

(ছ) উৎপল দত্তের 'টিনের তলোয়ার' নাটক প্রথম কোন সালে মঞ্চস্থ হয়েছিল?

(জ) 'দি গ্রেট বেঙ্গল অপেরা' কোন নাটকটি মঞ্চস্থ করবে বলে বিজ্ঞাপন দিয়েছিল?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর লেখো ঃ *(যে-কোনো ছয়টি)*

২×৬=১২

(ক) সুকুমার রায় রচিত *যে-কোনো দুটি* গ্রন্থের নাম লেখো।

(খ) বুদ্ধদেব বসু রচিত 'বাংলা শিশুসাহিত্য' প্রবন্ধে উল্লেখিত *দুটি* ছোটোদের পত্রিকার নাম করো।

(গ) 'বনলতা সেন' কবিতায় কবি তাঁর প্রেমিকাকে কত বছর ধরে খুঁজেছেন? এই প্রেমিকার চোখ কীরকম ছিল?

(ঘ) জীবনানন্দের 'হায় চিল' কবিতায় উল্লিখিত বাংলাদেশের নদীটির নাম লেখো। এই কবিতায় কবি প্রেমিকার ম্লান চোখকে কোন ফলের সঙ্গে তুলনা করেছেন?

(ঙ) ইন্দ্রনাথের দিদির নাম কী? তার কার সঙ্গে বিয়ে হয়েছিল?

(চ) শ্রীকান্তের কয়জন পিসতুতো ভাই ছিল? তাদের মধ্য থেকে *যে-কোনো একজনের* নাম লেখো।



(ছ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'শ্রীকান্ত' উপন্যাসটি কোন শ্রেণির উপন্যাস? এই উপন্যাসটি কবে প্রথম প্রকাশিত হয়?

(জ) 'আপনি মাইকেল মধুসূদন দত্তের কাব্য পড়েছেন?' — কে, কাকে উদ্দেশ্য করে এই মন্তব্য করেছেন?

(ঝ) 'কাপ্তেন বাবু'-র প্রকৃত নাম কী? 'ইণ্ডিয়ান মিরর' পত্রিকায় তাকে কী বলে উল্লেখ করেছিল?

(ঞ) 'সধবার একাদশী' নাটকটি কে রচনা করেছেন? এই নাটকের *একটি* চরিত্রের নাম লেখো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লেখো ঃ *(যে-কোনো চারটি)*

৫×৪=২০

(ক) 'কৃত্তিবাস বাল্মীকির বাংলা অনুবাদক নন, তিনি রামায়ণের বাংলা রূপকার।'
— বুদ্ধদেব বসুর 'রামায়ণ' প্রবন্ধ অনুসরণে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

(খ) সুকুমার রায়ের শিশুসাহিত্যের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

(গ) 'শিকার' কবিতাটির মূলভাব বিশ্লেষণ করো।

(ঘ) 'হাইড্র্যান্ট খুলে দিয়ে কুষ্ঠরোগী চেটে নেয় জল।'
— এটা কোন মহানগরীর দৃশ্য? এই মহানগরীর রাতের ঘটনাগুলি বর্ণনা করো।

(ঙ) নতুনদা কে? শ্রীকান্তের সঙ্গে তার প্রথম পরিচয়ের ঘটনাটি বর্ণনা করো।

(চ) মেজদার তত্ত্বাবধানে শ্রীকান্ত ও অন্যান্যদের পড়াশুনার যে ছবি পাওয়া যায় তা বিশদভাবে আলোচনা করো।

(ছ) 'টিনের তলোয়ার' নাটকে 'মেথর' চরিত্রটির ভূমিকা আলোচনা করো।

(জ) টীকা লেখো ঃ 'পলাশীর যুদ্ধ' *অথবা* 'মানদাসুন্দরী'

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লেখো ঃ ***(যে-কোনো দুটি)*** ১০×২=২০

(ক) বুদ্ধদেব বসুর অনুসরণে রবীন্দ্র পরবর্তী বাংলা কবিতার পরিচয় দাও।

(খ) জীবনানন্দ দাশের 'মৃত্যুর আগে' কবিতাটির ভাববস্তু বিশ্লেষণ করো।

(গ) 'বনলতা সেন' বা 'হায় চিল' কবিতাটির মর্মার্থ বিশ্লেষণ করো।

(ঘ) 'শ্রীকান্ত' উপন্যাসের 'ইন্দ্রনাথ' চরিত্রটি অঙ্কণ করো।

(ঙ) 'টিনের তলোয়ার' নাটকটির মূলভাব নিজের ভাষায় লিপিবদ্ধ করো।



*Total number of printed pages–4*

**1 (Sem–3/FYUGP) BEN41MJ**

**2025**

**BENGALI**

( Major )

Paper : BEN4300104 MJ

***( বিশ শতকের বাংলা সাহিত্য পাঠ )***

*Full Marks : 60*

Time : 2½ hours

***The figures in the margin indicate full marks for the questions.***

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষেপে উত্তর লেখো ঃ ১×৮=৮

(ক) বুদ্ধদেব বসু বাংলার প্রথম স্বভাব-কবি বলতে কাকে বুঝিয়েছেন?

(খ) 'আর সেই বিস্ময়কর রায়চৌধুরী পরিবার।'
— এই পরিবারের একজন লেখকের নাম লেখো।

(গ) 'শিকার' কবিতায় কে 'সারারাত চিতাবাঘিনীর হাত থেকে নিজেকে বাঁচিয়ে-বাঁচিয়ে' রেখেছিল?

(ঘ) জীবনানন্দ দাশের 'মহাপৃথিবী' কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত একটি কবিতার নাম লেখো।

(ঙ) শ্রীকান্তের সঙ্গে ইন্দ্রনাথের প্রথম পরিচয় কোথায় হয়েছিল?

(চ) শ্রীকান্তের মেজদা কয়বার এন্ট্রান্স পরীক্ষা ফেল করেছিল?

(ছ) 'টিনের তলোয়ার' নাটকটি কবে প্রথম অভিনীত হয়?

(জ) ময়নার পেশা কী?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর লেখো : *(যে-কোনো ছয়টি)* ২×৬=১২

(ক) 'কল্লোল' গোষ্ঠীর *যে-কোনো দুজন* কবির নাম উল্লেখ করো।

(খ) 'সন্দেশ' পত্রিকার প্রথম সম্পাদক কে? তাঁর রচিত *একটি* গ্রন্থের নাম লেখো।

(গ) 'কে হায় হৃদয় খুঁড়ে বেদনা জাগাতে ভালোবাসে!'
— পংক্তিটি কোন কবিতার অংশ? এখানে কবি কাকে সান্ত্বনা জানিয়েছেন?

(ঘ) 'মৃত্যুর আগে' কবিতায় উল্লিখিত *যে-কোনো দুটি* পাখির নাম করো।

(ঙ) 'ওরে বাবা রে, খেয়ে ফেল্লে রে।'
— বক্তা কে? তার এই আতঙ্কের কারণ কী?

(চ) 'হাঁ রে নবীন, বাঁশি বাজায় কে?'
— কে কার প্রসঙ্গে এই উক্তি করেছেন?



(ছ) শ্রীকান্ত উপন্যাসটির মোট কয়টি পর্ব আছে? প্রথম পর্বটি কোন সালে প্রথম প্রকাশিত হয়েছিল?

(জ) 'এই হতকুচ্ছিৎ মেয়েটা করবে অনুরাধা?'
— উক্তিটি কার? এই হতকুচ্ছিৎ মেয়েটা কে?

(ঝ) 'আমি কলকাতার তলায় থাকি'
— এখানে 'আমি' কে? সে কলকাতার তলায় কী করে?

(ঞ) 'নীলদর্পণ' নাটকটি কে রচনা করেছেন? এই নাটকের *একটি* চরিত্রের নাম লেখো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লেখো : *(যে-কোনো চারটি)* ৫×৪=২০

(ক) 'রামায়ণের সবচেয়ে বড়ো সমস্যা রামচরিত্র'
— বুদ্ধদেব বসুর 'রামায়ণ' প্রবন্ধ অনুসরণে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

(খ) রবীন্দ্রনাথের শিশু সাহিত্যের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(গ) 'বনলতা সেন' কবিতাটি অবলম্বনে কবির প্রেমিকার রূপ বর্ণনা করো।

(ঘ) 'সিন্ধুসারস' কবিতাটির মুলভাব সংক্ষেপে আলোচনা করো।

(ঙ) 'তখন চোরের মুখ দেখিয়া বাড়িসুদ্ধ লোকের মুখ শুকাইয়া গেল।'
— কেন? ঘটনাটি আলোচনা করো।

(চ) 'বড় প্রেম শুধু কাছেই টানে না – ইহা দূরেও ঠেলিয়া ফেলে।'
— যথার্থ বিশ্লেষণ করো।

(ছ) 'আমার অমন নাটক দিয়ে মুড়ির ঠোঙা বানিয়েছে। মাই মাস্টারপীস।'
— বক্তা কে? তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

(জ) টীকা লেখো ঃ
অমৃতলাল বসু *অথবা* নেশনেল থিয়েটার

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লেখো ঃ ***(যে-কোনো দুটি)*** ১০×২=২০

(ক) 'রবীন্দ্রনাথ ও উত্তরসাধক' প্রবন্ধে বুদ্ধদেব বসু কীভাবে রবীন্দ্র প্রভাবকে অতিক্রম করার কথা বলেছেন তা আলোচনা করো।

(খ) জীবনানন্দের 'রাত্রি' কবিতাটির ভাববস্তু বিশ্লেষণ করো।

(গ) জীবনানন্দের 'শ্রেষ্ঠ কবিতা' গ্রন্থের অন্তর্গত 'আট বছর আগের একদিন' কবিতার বিষয়বস্তু আলোচনা করো।

(ঘ) 'শ্রীকান্ত' উপন্যাসের ইন্দ্রনাথ চরিত্রটি পর্যালোচনা করো।

(ঙ) 'টিনের তলোয়ার' নাটকের বেণীমাধব চাটুয্যের চরিত্রটি বিশ্লেষণ করো।

———



*Total number of printed pages–4*

**1 (Sem–3/Ar) BEN**

# 2025

# BENGALI

Paper : BEN0300104

*( বিশ শতকের বাংলা সাহিত্য পাঠ )*

*Full Marks : 60*

Time : 2½ hours

***The figures in the margin indicate full marks for the questions.***

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষেপে উত্তর লেখো ঃ ১×৮=৮

(ক) বুদ্ধদেব বসু জীবনে প্রথম 'ছন্দের আনন্দ'-এর কথা জানতে পেরেছিল 'ছোট্ট রমায়ণ' পাঠ করে। এই 'ছোট্ট রামায়ণ' গ্রন্থটির লেখকের নাম উল্লেখ করো।

(খ) বুদ্ধদেব বসুর মতে বাংলা সাহিত্যে 'ছন্দোরাজ' কাকে বলা হয়?

(গ) জীবনানন্দ দাশের 'হায় চিল' কবিতায় উল্লেখিত একটি নদীর নাম লেখো।

(ঘ) 'আট বছর আগের একদিন' কবিতায় যুবকটি কোথায় গিয়ে আত্মহত্যা করেছিল?

(ঙ) শ্রীকান্তের সঙ্গে ইন্দ্রনাথের প্রথম আলাপ কোথায় হয়েছিল?

(চ) 'শ্রীকান্ত' উপন্যাসের প্রথম পর্বের মেজদার নাম কী ছিল?

(ছ) 'দি গ্রেট বেঙ্গল অপেরা' কী নাটক মঞ্চস্থ করেছিল?

(জ) 'টিনের তলোয়ার' নাটকে ময়নার পেশা কী ছিল?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর লেখো : *(যে-কোনো ছয়টি)* ২×৬=১২

(ক) শিবরাম চক্রবর্তীর রচিত *দুটি* গ্রন্থের নাম লেখো।

(খ) বুদ্ধদেব বসু রচিত 'রবীন্দ্রনাথ ও উত্তরসাধক' প্রবন্ধে উল্লেখিত *দুটি* সাহিত্য পত্রিকার নাম লেখো।

(গ) জীবনানন্দ দাশের জন্ম ও মৃত্যু সাল উল্লেখ করো।

(ঘ) 'বনলতা সেন' কবিতায় উল্লেখিত *দুজন* নৃপতির নাম লেখো।

(ঙ) জীবনানন্দ দাশের রচিত *যে-কোনো দুটি* কাব্যগ্রন্থের নাম লেখো।

(চ) ইন্দ্রনাথের 'নতুনদা'-র বাড়ি কোথায়? শ্রীকান্তের সঙ্গে তার প্রথম আলাপ কোথায় হয়েছিল?

(ছ) পিয়ারী বাইজীর বাড়ি কোথায় ছিল? তার খানসামার নাম কী?



(জ) শ্রীকান্ত কৈশোরকালে কার তত্ত্বাবধানে পড়াশোনা করতেন? তার শাসনের একটি উদাহরণ দাও।

(ঝ) 'ইণ্ডিয়ান মিরার' কাকে 'বাংলার গ্যারিক' বলে উল্লেখ করেছিল? তিনি কোন্ অপেরা দলের মাস্টার ছিলেন?

(ঞ) 'এত নেকাপড়া করে টিনের তলোয়ার বেঁধে ছেলেমানুষী করো কেন?'
—উক্তিটির বক্তা কে? তিনি কাকে উদ্দেশ্য করে এই মন্তব্যটি করেছেন?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লেখো : *(যে-কোনো চারটি)* ৫×৪=২০

(ক) 'গুরুদেবের কাব্যকলা মারাত্মক রূপে প্রতারক, সেই মোহিনী মায়ার প্রকৃতি না-বুঝে শুধু বাঁশি শুনে ঘর ছাড়লে ডুবতে হবে চোরাবালিতে।' বুদ্ধদেব বসুর 'রবীন্দ্রনাথ ও উত্তরসাধক' প্রবন্ধ অনুসরণে কথাটির তাৎপর্য বিশ্লেষণ করো।

(খ) বাংলা শিশুসাহিত্যে 'সন্দেশ' পত্রিকার অবদান আলোচনা করো।

(গ) জীবনানন্দের 'হায় চিল' কবিতাটির মর্মার্থ বিশ্লেষণ করো।

(ঘ) 'শিকার' কবিতাটি অবলম্বনে কবি জীবনানন্দ দাশের প্রকৃতি চেতনার পরিচয় দাও।

(ঙ) শ্রীকান্তের জীবনে ইন্দ্রনাথের প্রভাব সম্পর্কে আলোচনা করো।

(চ) শ্রীকান্তের 'শিকার' যাত্রার ঘটনাটি বিবৃত করো।

(ছ) 'টিনের তলোয়ার' নাটকটি অবলম্বনে প্রিয়নাথ চরিত্রটি বিশ্লেষণ করো।

(জ) টীকা লেখো ঃ দীনবন্ধু মিত্র *অথবা* শেক্সপীয়ার

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লেখো ঃ *(যে-কোনো দুটি)* ১০×২=২০

(ক) বুদ্ধদেব বসুর অনুসরণে বাংলা শিশুসাহিত্যের সোনালি যুগের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(খ) জীবনানন্দের 'বোধ' কবিতাটির ভাববস্তু বিশ্লেষণ করো।

(গ) জীবনানন্দের 'শ্রেষ্ঠ কবিতা' গ্রন্থের অন্তর্গত 'সিন্ধুসারস' *অথবা* 'গোধূলি সন্ধির নৃত্য' কবিতার বিষয়বস্তু আলোচনা করো।

(ঘ) শ্রীকান্ত (১ম পর্ব) উপন্যাসে পিয়ারী বাইজী কীভাবে রাজলক্ষ্মীতে রূপান্তরিত হয়েছে তা বুঝিয়ে লেখো।

(ঙ) 'টিনের তলোয়ার' নাটকটির নামকরণের তাৎপর্য বিশ্লেষণ করো।

---



*Total number of printed pages–4*

**1 (Sem–3/FYUGP) BEN42MJ**

**2025**

**BENGALI**

(Major)

Paper : BEN4300204 MJ

*( শরৎ সাহিত্য পাঠ )*

*Full Marks : 60*

Time : 2½ hours

***The figures in the margin indicate full marks for the questions.***

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ১×৮=৮

(ক) কাদম্বিনীর স্বামী নবীন মুখুজ্যের কীসের আড়ত ছিল?

(খ) 'মেজদিদি' উপন্যাসে মেজদিদির নাম কী ছিল?

(গ) "ঠাকুরদাস মুখুর্য্যের বর্ষীয়সী স্ত্রী ___ জ্বরে মারা গেলেন।" (তিনদিনের/পাঁচদিনের/সাতদিনের)
*(শুদ্ধ উত্তরটি নির্বাচন করে শূন্যস্থান পূর্ণ করো।)*

(ঘ) মহেশকে হত্যা করার পর গফুর তার মেয়েকে নিয়ে কোথায় কাজ করতে চলে গিয়েছিল?

(ঙ) 'Descriptive Sociology' গ্রন্থটি কে রচনা করেছেন?

*Contd.*

(চ) শরৎচন্দ্র কোন ছদ্মনামে তাঁর 'নারীর মূল্য' প্রবন্ধটি রচনা করেছিলেন?

(ছ) "তাঁর পিতৃপিতামহকালের দুর্গাপূজা নাকি এবার আপনি বন্ধ করে দিতে চান?"
— 'তাঁর' বলতে এখানে কার কথা বলা হয়েছে?

(জ) জগদীশ মুখুয্যের ধর্ম ছিল — হিন্দু/ব্রাহ্ম/বৌদ্ধ।
*(শুদ্ধ উত্তরটি লেখো)*

২। *যে-কোনো ছয়টি* প্রশ্নের সংক্ষেপে উত্তর দাও : ২×৬=১২

(ক) "আমি বেঁচে থাকতে তোদের দু ভাই-বোনকে আজ থেকে কেউ পৃথক করতে পারবে না"
— বক্তা কে এবং কাকে উদ্দেশ্য করে এইকথা বলেছে?

(খ) কেষ্ট চুরি করা টাকা দিয়ে কী কী কিনেছিল?

(গ) বিপিনের ছেলে ও মেয়ের নাম কী?

(ঘ) 'অভাগীর স্বর্গ' গল্পে বৃদ্ধ মুখোপাধ্যায় মহাশয়ের কয়জন ছেলে এবং কয়জন মেয়ের উল্লেখ আছে?

(ঙ) "পূজা সারিয়া তর্করত্ন দ্বিপ্রহর বেলায় বাটী ফিরিতেছিলেন।"
— 'মহেশ' গল্পের তর্করত্ন মহাশয় কার বাড়ি থেকে কীসের পূজা সেরে বাড়ি ফিরছিলেন?

(চ) হরিশের পেশা কী ছিল? সে কোথাকার লোক?

(ছ) "ইহারা অতিথির শয্যায় বাটীর শ্রেষ্ঠ কন্যাটিকে, না হয়, স্ত্রীকে পাঠাইয়া দেওয়া অতি উচ্চ অঙ্গের ধর্ম-পালন বলিয়া মনে করে।"
— কে, কোন জাতি সম্পর্কে এ কথা বলেছেন?



(জ) "বিধবাকে একবাটি সিদ্ধি ও ধুতুরা পান করাইয়া মাতাল করিয়া দেওয়া হইত কেন?"
— 'নারীর মূল্য' গ্রন্থে শরৎচন্দ্র কোন প্রথা সম্পর্কে এই প্রশ্ন করেছিলেন? 'সিদ্ধি' শব্দের অর্থ কী?

(ঝ) নরেনের গ্রামের নাম কী? গ্রামটি কোন নদীর তীরে অবস্থিত?

(ঞ) বিজয়ার পিতা বনমালী তাঁর কোন বন্ধুকে টাকা ধার দিয়েছিলেন? সেই বন্ধুটির কীভাবে মৃত্যু হয়েছিল?

৩। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'মেজদিদি' উপন্যাসের নবীন চরিত্রের বিশেষত্ব আলোচনা করো।

(খ) "কেন এসেচিস এখানে? যা, যা বলচি শিগ্‌গির। দূর হ' বলছি —"
— কে কাকে উদ্দেশ্য করে এই কথাগুলো বলেছে? কেন বলেছে ব্যাখ্যা করো।

(গ) হরিশ ও লাবণ্যের কীভাবে পরিচয় হয়েছিল বর্ণনা করো।

(ঘ) 'অভাগীর স্বর্গ' গল্পের নামকরণ সার্থক হয়েছে কিনা সংক্ষেপে লেখো।

(ঙ) "বাটীর মধ্যে বিধবা ভগিনীর অপেক্ষা স্ত্রীর প্রয়োজন অধিক বলিয়া স্ত্রীটি বেশী দামী। আবার বিধবা ভগিনীর দাম কতকটা চড়িয়া যায়, স্ত্রীটি যখন আসন্ন-প্রসবা-যখন রাঁধা-বাড়ার লোকাভাব, যখন কচি ছেলেটাকে কাক দেখাইয়া বক দেখাইয়া দুধটা খাওয়ানো চাই।"
— সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।

(চ) মনু প্রভৃতি থেকে 'পূর্জাহা' ইত্যাদি শ্লোক তুলে ধরে এদেশের রক্ষণশীল পুরুষতান্ত্রিক সমাজ কেন এবং কীভাবে ইউরোপীয়দের সমালোচনা করেছেন, 'নারীর মূল্য' গ্রন্থ অবলম্বনে বুঝিয়ে লেখো।

(ছ) 'বিজয়া' নাটকে ব্রাহ্মধর্মের যে বিষয়গুলো উঠে এসেছে তা সংক্ষেপে আলোচনা করো।

(জ) রাসবিহারী চরিত্র বিশ্লেষণ করো।

৪। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) 'মেজদিদি' উপন্যাসের কেষ্ট চরিত্র বিশ্লেষণ করো।

(খ) 'মেজদিদি' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

(গ) 'মন্দির' গল্পের মূল বিষয়বস্তু আলোচনা করো।

(ঘ) "নারীত্বের মূল্য কি? অর্থাৎ, কি পরিমাণে তিনি সেবাপরায়ণা, স্নেহশীলা, সতী এবং দুঃখে-কষ্টে মৌনা। অর্থাৎ, তাঁহাকে লইয়া কি পরিমাণে মানুষের সুখ ও সুবিধা ঘটিবে,. এবং কি পরিমাণে তিনি রূপসী ... দাম কষিবার এ ছাড়া যে আর কোন পথ নাই, সে কথা আমি পৃথিবীর ইতিহাস খুলিয়া প্রমাণ করিয়া দিতে পারি।"
— উক্তিটির আলোকে 'নারীর মূল্য' গ্রন্থের মূলভাব আলোচনা করো।

(ঙ) 'বিজয়া' নাটক অবলম্বনে বিলাস ও নরেন চরিত্রের *একটি* তুলনামূলক আলোচনা করো।

Total number of printed pages–4

**1 (Sem–3/FYUGP) BEN41MN/(B)**

**2025**

**BENGALI**

( Minor )

Paper : BEN4300104 MN

**(SET–B)**

*( বিশ শতকের বাংলা সাহিত্য পাঠ )*

*Full Marks : 60*

Time : 2½ hours

***The figures in the margin indicate full marks for the questions.***

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ১×৮=৮

(ক) বুদ্ধদেব বসুর মতে রামায়ণের সবচেয়ে বড় সমস্যা কী?

(খ) বাংলায় 'স্বভাব কবি' কথাটি প্রথম উচ্চারিত হয় কাকে উপলক্ষ্য করে?

(গ) 'শিকার' কবিতায় ঘাসের রঙ কেমন?

(ঘ) 'সিন্ধুসারস' কবিতা উল্লিখিত *একটি* পাহাড়ের নাম লেখো।

(ঙ) শ্রীকান্তের ভবঘুরে বন্ধুটির নাম কী ছিল?

(চ) "আমরা দর্জিপাড়ার ছেলে, যমকে ভয় করিনে তা জানিস্।" — উক্তিটি কার?

**1 (Sem–3/FYUGP) BEN41MN/(B)**

**2025**

**BENGALI**

( Minor )

Paper : BEN4300104 MN

**(SET–B)**

*( বিশ শতকের বাংলা সাহিত্য পাঠ )*

*Full Marks : 60*

Time : 2½ hours

***The figures in the margin indicate full marks for the questions.***

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ১×৮=৮

(ক) বুদ্ধদেব বসুর মতে রামায়ণের সবচেয়ে বড় সমস্যা কী?

(খ) বাংলায় 'স্বভাব কবি' কথাটি প্রথম উচ্চারিত হয় কাকে উপলক্ষ্য করে?

(গ) 'শিকার' কবিতায় ঘাসের রঙ কেমন?

(ঘ) 'সিন্ধুসারস' কবিতা উল্লিখিত *একটি* পাহাড়ের নাম লেখো।

(ঙ) শ্রীকান্তের ভবঘুরে বন্ধুটির নাম কী ছিল?

(চ) "আমরা দর্জিপাড়ার ছেলে, যমকে ভয় করিনে তা জানিস্।" — উক্তিটি কার?